

*(Handwritten signature)*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮. ০১.০০০০.৩০০.২৭.১১০.১৭- ৫৮৫

তারিখ: ০৪/৫/ ১৪২৫  
১৯/৯/ ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব পুষ্পজিৎ মন্ডল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মংলা, বাগেরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (এ) (iv), ৩ (বি) ও ৩(ডি) উপবিধি অনুযায়ী যথাক্রমে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ২০/১২/২০১৭ খ্রি: তারিখে বিভাগীয় মামলা (এইউইও/বিমা-৩৭/৬৪১) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২২/০২/২০১৮ খ্রি: তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ১৩/০৮/২০১৮ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব পুষ্পজিৎ মন্ডল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মংলা, বাগেরহাট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) [ বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ (২)(ঘ) ] উপবিধি মোতাবেক বর্তমান বেতন স্কেলের নিম্নধাপে অর্থাৎ (২২০০০-৫৩০৬০/-) টাকার স্কেলের প্রথম ধাপ ২২০০০/- (বাইশ হাজার) টাকায় অবনমন দণ্ড প্রদান করা হলো যা আগামী ০১ (এক) বৎসরের জন্য বহাল থাকবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

*(Handwritten signature)*

ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক

তারিখ: ০৪/৫/ ১৪২৫  
১৯/৯/ ২০১৮

স্মারক নং- ৩৮. ০১.০০০০.৩০০.২৭.১১০.১৭- ৫৮৫/১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেইজ, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. উপপরিচালক ( তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট।
৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মংলা, বাগেরহাট।
১০. উপজেলা শিক্ষা অফিসার, মংলা, বাগেরহাট।
১১. জনাব পুষ্পজিৎ মন্ডল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মংলা, বাগেরহাট।
১২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সংরক্ষণ নথি।

*(Handwritten signature)*  
(মো: আবুল কাশেম মিয়া)  
সহকারী পরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
ফোন: ৫৫০৭৪৮৮০